

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১


বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.৩৪৬ নং পত্রের স্মারক অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে ভোট গ্রহণের পূর্বে চেয়ারম্যান পদে মনোনীত বৈধ প্রার্থীর মৃত্যু হওয়ায় খুলনা জেলার পাইকগাছা উপজেলার হরিঢালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের সময়সূচি জারি করা হয়েছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি পবিত্র কুমার দাস, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, পাইকগাছা, খুলনা এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য খুলনা জেলার পাইকগাছা উপজেলা হরিঢালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারি করিতেছিঃ

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৯ অক্টোবর ২০২১	শনিবার
মনোনয়নপত্র বহুইয়ের তারিখ	:	১১ অক্টোবর ২০২১	সোমবার
আপিল দাখিলের শেষ তারিখ	:	১৪ অক্টোবর ২০২১	বৃহস্পতিবার
আপিল নিষ্পত্তির শেষ তারিখ	:	১৬ অক্টোবর ২০২১ (সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ ঘটিকা)	শনিবার
প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৭ অক্টোবর ২০২১	রবিবার
প্রতীক বরাদ্দ	:	১৮ অক্টোবর ২০২১	সোমবার
ভোটগ্রহণের তারিখ	:	০২ নভেম্বর ২০২১	মঙ্গলবার
অফিস চলাকালীন সময়ে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হবে। ভোটগ্রহণের সময়: সকাল ০৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত			

প্রার্থীতা বিষয়ক নির্দেশনা: চেয়ারম্যান পদে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণ নতুনভাবে মনোনয়নপত্র দাখিল/প্রত্যাহারের সুযোগ পাবেন। হরিঢালী ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে পূর্বের মনোনয়ন বহাল থাকবে, উক্ত পদে বিদ্যমান প্রার্থীদের মধ্যেই নির্বাচন অনুষ্ঠিত হবে অর্থাৎ শুধুমাত্র চেয়ারম্যান পদে নতুনভাবে মনোনয়ন দাখিল করা যাবে।



(পবিত্র কুমার দাস)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
পাইকগাছা, খুলনা।

ও


রিটার্নিং অফিসারের কার্যালয়
ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

নং- ৩৩.০২.৪৭৬৪.৫০১.০৩৬.০০৬.২১.৯৭

তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ৩। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
- ৪। জেলা প্রশাসক, খুলনা।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। পুলিশ সুপার, খুলনা।
- ৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
- ৯। অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা, পাইকগাছা, খুলনা।
- ১০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
- ১১।প্রতিদ্বন্দ্বী প্রার্থী।
- ১২। সচিব,ইউনিয়ন পরিষদ (ব্যাপক প্রচারের অনুরোধ সহ)।
- ১৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।



সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
পাইকগাছা, খুলনা
ও
রিটার্নিং অফিসার
ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১